# জেইউ সিএসই এ্যালামনাই এসোসিয়েশন

## কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ
## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

Phone: +8801718067924, +8801710862768, +8801927129603 Email: jucsealumni@juniv.edu

## বা
## নী

গঠনতন্ত্র যে কোনো সাংগঠনকি কাঠামোর পূর্বশর্ত। JUCSEAlumni Association-এর গঠনতন্ত্র তৈরির সাহসী উদ্যোগ এবং সফল বাস্তবায়নরে জন্য কৃতজ্ঞতা প্রকাশ করছি। আমি বিশ্বাস করি, এই গঠনতন্ত্র প্রণয়নে র মধ্যে দিয়ে JUCSEAlumni Association- এর সাংগঠনিক কাঠামো পূর্ণতা পেল।
গঠনতন্ত্র প্রণয়ন কমিটির সদস্যবৃন্দ, সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ এবং JUCSEAlumni Association-এর সব সদস্যকে জানাই শুভেচ্ছা।

অধ্যাপক ড. মো. এমদাদুল ইসলাম
সভাপতি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ
জাহাঙ্গীরনগর বশ্বিবদ্যিালয়

JUCSEAlumni Association প্রতিষ্ঠার মধ্য দিয়ে বাস্তবায়িত হয়েছিল কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়া রিং বিভাগের প্রতিটি সত্তার বহুদিনের লালিত স্বপ্নের। আজ সে স্বপ্ন স্থায়ী রূপ পেতে যাচ্ছে। গঠনতন্ত্রের মতো একটি দুরুহ কিন্তু মহৎ উদ্যোগকে সফল করতে যাঁরা স্বেচ্ছায় সহযোগোতা র হাত বাড়িয়ে দিয়েছেন তাঁদের জন্য শুভকামনা। গঠনতন্ত্র তৈরি KwgwUi প্রত্যেক সদস্যের পাশাপাশি কৃতজ্ঞতাপূর্ণ ধন্যবাদ জানাচ্ছি JUCSEAlumni- Gi কার্যনির্বাহী সব সদস্যকে।

মো. আরিফ খান
আহ্বায়ক
Jahangirnagar University Computer Science and Engineering Alumni Association (JUCSEAlumni)

# জেইউ সিএসই এ্যালামনাই এসোসিয়েশন

## কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ
## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

Phone: +8801718067924, +8801710862768, +8801927129603 Email: jucsealumni@juniv.edu

স্বাধীনতা অর্জনের চেয়ে স্বাধীনতা রক্ষা করা কঠিন। সংগঠন প্রতিষ্ঠার চেয়ে স্থায়ীত্ব প্রদান করা কঠনি। যে কোন সংগঠনের রক্ষাকবচ তথা 'গঠনতন্ত্র' প্রণয়ন দুঃসাধ্য একটি কাজ হলেও তা একদল মেধাবী, যোগ্যতাসম্পন্য, পরিশ্রমি মানুষরে হাতে তুলে দেয়া হয়েছিল এই গুরুত্বর্পূণ দায়িত্বটি। তাঁরা যর্থাথই সার্থক।

গঠনতন্ত্র প্রণয়ন কমিটির সদস্যদের ধন্যবাদ জানানোর ভাষা আমার জানা নইে। আন্তরকিতা এবং নিষ্ঠার অর্পূব সমন্বয়কে শুধু ধন্যবাদ বা কৃতজ্ঞতা জানিয়ে পুরস্কৃত করা সম্ভব নয়।

অধ্যাপক ড. আবু সাঈদ মো. মোস্তাফিজুর রহমান
সদস্য সচিব-১
Jahangirnagar University Computer Science and Engineering Alumni Association (JUCSEAlumni)

## ১ম আহ্বায়ক কমিটি

| Designation | Name | Batch | Contact | Email |
|---|---|---|---|---|
| **Convener** | Arifur Rahman Khan (Arif) | 2nd | 01713041240 | bd.arifkhan@gmail.com |
| **Member Secretary-1** | Abu Sayed Md. Mostafizur Rahaman (Chyon) | 6th | 01927129603 | asmmr@juniv.edu |
| **Member Secretary-2** | Nazmul Momin (Juen) | 7th | 01710862768 | juenbd@gmail.com |
| **Press and Communication Secretary** | S. M. Golam Rabbi (Golam Rabbi) | 10th | 01718067924 | rabbi1982@yahoo.com |
| **Members** | Khan Mohammad Akkas Ali | 1st | | akkas@juniv.edu |
| | Nasim Noushad | 1st | | |
| | Md. Abul Kalam Azad (Kalam) | 2nd | | makazad@juniv.edu |
| | Muhammad Shams Ulubbee (Shams) | 2nd | | sulubbee@gmail.com |
| | Md. Golam Moazzam (Khokan) | 3rd | | khokan@juniv.edu |
| | Chandon | 4th | | chandan251@yahoo.com |
| | Abdur Rahman | 4th | | marahmanju@juniv.edu |
| | Md. Saiful Islam | 5th | | msislam2351@gmail.com |

| | | | | |
|---|---|---|---|---|
| | Mostafa Sarwar | 6th | | sarwardhk8@gmail.com |
| | P. K. Moniruzzaman | 6th | | get2monir@gmail.com |
| | MD. SAYEEDUTH SADATH (Sadat) | 7th | 01755629252 | sadathju@gmail.com |
| | Samiul Muktadir (Shumon) | 7th | 01819272921 | samiul.muktadir@gmail.com |
| | Mohammad Mahamudur Rabbi (Shuman) | 8th | 01611520306 | selocus007@yahoo.com |
| | Kanija Muntarina (Ripa) | 9th | 01730440134 | muntarina123@gmail.com |
| | Md. Shiblee | 9th | | shibli.kaysar@gmail.com |
| | Md. Ezharul Islam (Ezhar) | 10th | 01816203074 | mdezharul@juniv.edu |
| | MD MANZURUL KARIM (ROHAN) | 10th | 01818128049 | rohandhk@gmail.com |
| | Mashqur Habib Himel (Himel) | 11th | 01722109601 | mashqur.himel@gmail.com |
| | Shoeb | 11th | | |
| | Syed Hasan Shahrier (Rishan) | 12th | 01611641294 | rishan.shahrier@gmail.com |
| | Sanjit Kumar Saha | 13th | | sanjit@juniv.edu |
| | A K M Kamrul Hasan (Rubel) | 13th | 01924400992 | kamrul.120@gmail.com |
| | Md. Riazul Haque (Riaz) | 13th | 01716238327 | rozen_riaz@yahoo.com |
| | Pavel | 14th | 01711922768 | pavelcseju@gmail.com |
| | Md. Tamal Tahasin Khan (Tamal) | 14th | 01717167494 | t.tahasin@gmail.com |
| | SALEH ENAM SHOHAG (SHOHAG) | 15th | 01911476899 | shohag402@gmail.com |
| | Billal | 15th | 01729210380 | belalju@gmail.com |
| | Bulbul Ahmed (Bulbul) | 16th | 01911991371 | bulbul.cse@outlook.com |
| | Md. Syeful Islam (Syeful) | 16th | 01916574623 | syefulislam@gmail.com |
| | Eefat Alam (Rokon) | 16th | 01720211262 | rokon.cse@gmail.com |
| | Tahsina Hashem | 17th | 01715150247 | tahsina.hashem@juniv.edu |
| | Md. Maheraj Uddin (Maheraj) | 17th | 01744461391 | maheraj.cse@gmail.com |
| | Rafsani Jani Tito | 18th | 01712596024 | rafsan@juniv.edu |
| | Miral Sarwar | 18th | 01944443334 | miral.trainer@gmail.com |
| | Md. Mezbahul Islam (Salman) | 19th | 01920446868 | mailformezbah@gmail.com |
| | Tamal | 19th | 01914553408 | tamal.cse19@gmail.com |
| | Md. Rakib Hasan (Rakib) | 20th | 01722966346 | riyadrakib@gmail.com |
| | Anup Majumder (Anup) | 20th | 01725228874 | anupju.cse20@gmail.com |
| | Sayedur Rahman | 20th | 01820275399 | sayedurcse@gmail.com |

Phone: +8801718067924, +8801710862768, +8801927129603 Email: jucsealumni@juniv.edu


# জেইউ সিএসই এলুমনাই এসোসিয়েশন

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

## গঠনতন্ত্র

১. লক্ষ্য ও উদ্দেশ্যঃ

**ক) বিভাগের প্রাক্তন শিক্ষার্থীদের পুনর্মিলন।**

**খ) প্রাক্তন ও বর্তমান ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীর মধ্যে সৌহার্দ্যপূর্ণ মনোভাব ও সহমর্মিতা গড়ে তোলা।**

**গ) সেমিনার, সিম্পোজিয়াম, ইত্যাদির আয়োজন।**

**ঘ) প্রাক্তন ও বর্তমান শিক্ষার্থী ও বিভাগের সার্বিক কল্যাণে তহবিল গঠন।**

**ঙ) মেধাবী শিক্ষার্থীদের জন্য স্টাইপেন্ড, স্কলারশিপ ও পদক প্রদান।**

**চ) দেশের সার্বিক কল্যাণে আইটিত সেক্টরে সক্রিয় ভূমিকা গ্রহণ।**

**ছ) এসোসিয়েশনের বৃহত্তর স্বার্থে বিধিসম্মত কার্যক্রম গ্রহণ।**

**জ) উপযুক্ত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে সহায়ক অন্যান্য পদক্ষেপ গ্রহণ।**

২. কার্যকালঃ

**কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়**

৩. এসোসিয়েশনের সদস্যপদঃ

**ক) <u>সাধারণ সদস্যঃ</u> জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের এই বিভাগ থেকে স্নাতক ডিগ্রীপ্রাপ্ত শিক্ষার্থীবৃন্দ।**

Phone: +8801718067924, +8801710862768, +8801927129603 Email: jucsealumni@juniv.edu

খ) **সহযোগী সদস্যঃ** এই বিভাগের বর্তমান ও প্রাক্তন শিক্ষকবৃন্দ, যাঁরা এ বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী নন। এছাড়াও এই বিভাগ থেকে স্নাতকোত্তর বা উচ্চতর ডিগ্রীপ্রাপ্ত শিক্ষার্থীবৃন্দ। অনুরাগী বা আগ্রহী ব্যক্তিবর্গও সহযোগী সদস্য হতে পারবেন।

গ) **জীবন সদস্যঃ** সাধারণ ও সহযোগী সদস্যবৃন্দ- এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত চাঁদা প্রদান সাপেক্ষে।

ঘ) **দাতা সদস্যঃ** (সাধারণ সদস্য/সহযোগী সদস্য হওয়ার যোগ্য যে কেউ ন্যূনতম ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা প্রদান সাপেক্ষে দাতা সদস্য হতে পারবেন।

৪. সাধারণ পরিষদঃ

ক) সাধারণ সদস্যদের নিয়ে সাধারণ পরিষদ গঠিত হবে।

খ) প্রতি বছর ডিসেম্বর মাসে শুক্রবার/ শনিবার বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে।

গ) কোনো কারণে ডিসেম্বর মাসে সাধারণ সভা অনুষ্ঠিত না হলে পরবর্তী শুক্রবার/ শনিবার অনুষ্ঠিত হবে।

ঘ) সাধারন সভার মাধ্যমে পরবর্তী নির্বাহী পরিষদ গঠিত হবে। অথবা সাধারন সভায় উপস্থিত সদস্যদের উপস্থিত ব্যাচ প্রতি কমপক্ষে একজন করে ব্যাচ প্রতিনিধি মনোনয়ন বা নির্বাচনের মাধ্যমে নির্বাচিত হবে। ব্যাচ প্রতিনিধিরা মনোনয়ন বা নির্বাচনের মাধ্যমে পরবর্তী নির্বাহী পরিষদ গঠন করবেন। তবে পরবর্তী নির্বাহী পরিষদ গঠনের লক্ষে বর্তমান নির্বাহী পরিষদ সাধারণ সভার পূর্বে ইলেক্ট্রনিক পোল এর মাধ্যমেও ব্যাচ প্রতিনিধি নির্বাচন করতে পারবেন।

ঙ) সাধারণ সভা এসোসিয়েশনের সর্বোচ্চ ক্ষমতা সম্পন্ন পর্ষদ। এসোসিয়েশনের নীতি নির্ধারণ, নির্বাহী পরিষদকে নির্দেশনা প্রদান এবং তার কার্যাবলীর পর্যালোচনা এর এখতিয়ারভুক্ত।

**চ)** **এসোসিয়েশনের স্বার্থে প্রয়োজন হলে ২৪ ঘণ্টার নোটিসে (লিখিত/ইমেইল) জরুরি সাধারণ সভা আহ্বান করা যাবে।**

**ছ)** **সুনির্দিষ্ট আলোচ্যসূচি উল্লেখপূর্বক লিখিত/ইমেইল এর মাধ্যমে সভা আহ্বানের অনুরোধ করা হলে ৭ দিনের মধ্যে সভা আহ্বান করা যাবে।**

৫. সাধারণ পরিষদের দায়িত্বঃ

**ক)** **নির্বাহী পরিষদ কর্তৃক পেশকৃত রিপোর্ট, অডিট অনুমোদন, বাজেট বিবেচনা ইত্যাদি**

**খ)** **নির্বাহী পরিষদ কর্তৃক উত্থাপিত প্রস্তাবাদি সম্পর্কে সংখ্যাগরিষ্ঠ ভোটে সিদ্ধান্ত গ্রহণ, অনুমোদন।**

**গ)** **নির্বাহী পরিষদ গঠন।**

৬. নির্বাহী পরিষদঃ

ক) কাঠামোঃ

**সম্পাদকীয় পদঃ**

**সভাপতি - ১**
**সহ-সভাপতি - ২**
**কোষাধ্যক্ষ - ১**
**সাধারণ সম্পাদক - ১**
**যুগ্ম সম্পাদক - ২**
**তথ্য ও যোগাযোগ বিষয়ক সম্পাদক - ২**
**আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক - ১**
**ছাত্র কল্যাণ বিষয়ক সম্পাদক -১**

**সাধারণ পদঃ**

**সদস্য- প্রতি ব্যাচ হতে কমপক্ষে একজন এবং বিভাগীয় শিক্ষকবৃন্দ। বর্তমান নির্বাহী পরিষদ পরবর্তী নির্বাহী পরিষদের সংখ্যা নির্ধারণ করবেন ।**

খ) কার্যকালঃ

**১লা জানুয়ারি থেকে পরবর্তী বছরের ৩১শে ডিসেম্বর- মোট ২ বৎসর।**

গ) দায়িত্বঃ

**১. এসোসিয়েশনের সকল কার্যক্রম নিয়ন্ত্রণ ও সংগঠনের দায়িত্ব পালন।**

**২. এসোসিয়েশনের তহবিল সংরক্ষণ, পরিচালনা ও নিয়ন্ত্রণ।**

**৩. বার্ষিক সাধারণ সভায় আয় ব্যয়ের অডিট রিপোর্ট উপস্থাপন।**

**৪. সাধারণ পরিষদের সভার নির্দেশনার ভিত্তিতে কার্যক্রম পরিচালনা।**

**৫. জরুরি সাধারণ সভা আহ্বানের পর্যাপ্ত সময় না থাকলে কোনো উদ্ভুত পরিস্থিতিতে জরুরি ব্যবস্থা গ্রহণের অধিকার নির্বাহী পরিষদের থাকবে। তবে পরবর্তী সাধারণ সভায় অনুমোদনের জন্য তা পেশ করা হবে।**

**৬. সংগঠনের সাংগঠনিক কাঠামো বৃদ্ধির লক্ষে এই সংগঠনের সহযোগী সংগঠন সাধারন সভার অনুমতি সাপেক্ষে তৈরি করতে পারবেন। উক্ত সহযোগী সংগঠনের কাঠামো, কর্মপরিধি, নির্বাহী পরিষদ তৈরি, পরিবর্তন, পরিবর্ধন ও প্রয়োজনবোধে আর্থিক সাহায্য করতে পারবেন।**

ঘ) নির্বাহী পরিষদের সভাঃ

**১. সভাপতির সঙ্গে আলোচনাক্রমে সাধারণ সম্পাদক ন্যূনতম ৭ দিনের নোটিসে নির্বাহী পরিষদের সভা আহ্বান করবেন।**

**২. নির্বাহী পরিষদের এক-চতুর্থাংশ সদস্য দ্বারা কোরাম গঠিত হবে।**

**৩. নির্বাহী পরিষদের কার্যকাল হবে ২ বৎসরঃ ১লা জানুয়ারি থেকে পরবর্তী বৎসরের ৩০শে ডিসেম্বর পর্যন্ত ।**

Phone: +8801718067924, +8801710862768, +8801927129603 Email: jucsealumni@juniv.edu

**৪. নির্বাহী পরিষদের সিদ্ধান্তসমূহ সংখ্যাগরিষ্ঠ ভোটের মাধ্যমে গৃহীত হবে।**

**৫. সভাপতি প্রয়োজনবোধে কাস্টিং ভোট প্রদান করতে পারবেন।**

ঙ) নির্বাহী পরিষদের দায়িত্ব ও ক্ষমতাঃ

১. সভাপতি

**ক) সাধারণ ও নির্বাহী পরিষদের সভাপতিত্ব করবেন। সভা পরিচালনায় কোনো সমস্যা দেখা দিলে রুলিং প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।**

**খ) সম্পাদকের সাধারণ ও নির্বাহী পরিষদের সভা আহ্বানের পরামর্শ দেবেন।**

**গ) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান পদাধিকার বলে এ পদ লাভ করবেন।**

২. সহ-সভাপতি

**ক) সভাপতির অবর্তমানে সভাপতির দায়িত্ব পালন করবেন।**

**খ) সভাপতির সহযোগী হিসাবে তাঁকে বিভিন্ন কর্মকাণ্ডে সহায়তা করবেন।**

**গ) নির্বাহী পরিষদের অনুরোধে কোনো বিশেষ দায়িত্ব পালন করবেন।**

৩. কোষাধ্যক্ষ

**ক) ব্যাংক অ্যাকাউন্ট ও অর্থ সংক্রান্ত অন্যান্য যাবতীয় দায়িত্ব পালন করবেন। হিসাব রক্ষণাবেক্ষণ করবেন।**

**খ) সাধারণ সভায় আয় ব্যয়ের রিপোর্ট পেশ করবেন।**

**গ) সভাপতি ও সহ-সভাপতির অনুপস্থিতিতে সভাপতির দায়িত্ব পালন করবেন।**

**ঘ) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে কর্মরত এই বিভাগের প্রাক্তন শিক্ষার্থীদের মধ্য থেকে কোষাধ্যক্ষ মনোনীত/নির্বাচিত হবেন। তবে শুন্য পদের বিপরীতে নির্বাহী পরিষদের অন্য কেউ সাময়িক দায়িত্ব পালন করতে করবেন।**

৪. সম্পাদক

**ক) নির্বাহী পরিষদের সকল নির্বাহী কার্যক্রম, যেমন পত্র বিনিময়, কাগজপত্র সংরক্ষণ, সভাপতির সঙ্গে পরামর্শ বা আলোচনা ক্রমে সভা আহ্বান ইত্যাদি কার্য পরিচালনা করবেন।**

**খ) নির্বাহী পরিষদের মুখপাত্র হিসাবে দায়িত্ব পালন করবেন।**

**গ) সাধারণ ও নির্বাহী পরিষদের সভা পরিচালনায় সভাপতিকে সহযোগিতা করবেন। উত্থাপিত প্রশ্নের উত্তর বা ব্যাখ্যা প্রদান করবেন।**

৫. যুগ্ম সম্পাদক

**ক) সভাপতি ও সম্পাদকের সঙ্গে পরামর্শ ও আলোচনা ক্রমে যুগ্ম সম্পাদকদ্বয় সাংগঠনিক, শিক্ষা, গবেষণা, প্রচার, প্রকাশ, সাংস্কৃতিক কর্মকাণ্ডের দায়িত্ব পালন করবেন।**

**খ) সম্পাদকের অনুপস্থিতিতে সভাপতির নির্দেশক্রমে সম্পাদকের দায়িত্ব পালন করবেন।**

**গ) সম্পাদকের পদ শূন্য হলে কিংবা সম্পাদকের অনুপস্থিতিতে সভাপতির অনুমোদনক্রমে কোনো একজন সম্পাদকের দায়িত্ব পালন করবেন।**

৬. তথ্য ও যোগাযোগ বিষয়ক সম্পাদক

**ক) নির্বাহী পরিষদ কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন করবেন।**

**ক) সভাপতি ও সম্পাদকের সঙ্গে পরামর্শ ও আলোচনা ক্রমে সম্পাদকদ্বয় সাংগঠনিক, শিক্ষা, গবেষণা, প্রচার, প্রকাশ, সাংস্কৃতিক কর্মকাণ্ডের দায়িত্ব পালন করবেন।**

৭. আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক

Phone: +8801718067924, +8801710862768, +8801927129603 Email: jucsealumni@juniv.edu

**ক) নির্বাহী পরিষদ, সভাপতি ও সম্পাদক কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন করবেন।**

**খ) বিভিন্ন দেশে অবস্থানরত এই বিভাগের প্রাক্তন ছাত্রছাত্রীদের সাথে যোগাযোগ ও কর্মপন্থা নির্ধারণ করে সভাপতি/ সম্পাদকের নিকট উপস্থাপন করবেন এবং সভাপতি /সম্পাদক কর্তৃক ন্যস্ত কর্মকাণ্ডের দায়িত্ব পালন করবেন।**

৮. ছাত্র কল্যাণ বিষয়ক সম্পাদক

**ক) নির্বাহী পরিষদ, সভাপতি ও সম্পাদক কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন করবেন।**

**খ) এই বিভাগের বর্তমান/প্রাক্তন শিক্ষার্থীদের দেখভালের দায়িত্ব পালন করবেন।**

৬. নির্বাহী সদস্য

**ক) নির্বাহী পরিষদ কর্তৃক ন্যস্ত দায়িত্ব পালন করবেন।**

**খ) সাধারণ সভায় বা নির্বাহী পরিষদে সভাপতি ও সহ-সভাপতি, কোষাধ্যক্ষের অনুপস্থিতিতে সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতামতক্রমে তাদের একজন উক্ত সভায় সভাপতিত্ব করবেন।**

**গ) কোনো কারণে কোষাধ্যক্ষের পদ শূন্য হলে নির্বাহী সদস্যদের মধ্য থেকে একজনকে উক্ত শূন্য পদের দায়িত্ব অর্পণ করা হবে।**

৭. তহবিলঃ

**ক) সাধারণ সভা ও নির্বাহী পরিষদ অনুমোদিত বিভিন্ন উৎস থেকে প্রাপ্ত অর্থ, সদস্যদের চাঁদা, অনুদানের দ্বারা এসোসিয়েশনের তহবিল গঠন করা হবে। সমুদয় অর্থ ব্যাংকে জমা রাখা হবে।**

**খ) এসোসিয়েশনের ব্যাংক অ্যাকাউন্ট সম্পাদক/সভাপতি ও কোষাধ্যক্ষ এর কোনো দু'জনের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।**

Phone: +8801718067924, +8801710862768, +8801927129603 Email: jucsealumni@juniv.edu

**গ) টাকা উত্তোলনের ক্ষেত্রে নির্বাহী পরিষদের অনুমোদন লাগবে। তবে কোনো বিশেষ অর্থ উত্তোলিত হলে তা পরবর্তী সভায় অনুমোদন করতে হবে।**

**গ) মনোনীত অডিটরের মাধ্যমে আয় ব্যয় সংক্রান্ত অডিট হবে।**

৮. চাঁদাঃ

**ক) সাধারণ ও সহযোগী সদস্যদের বার্ষিক চাঁদার পরিমান হবে ৫০০/-টাকা।**

**খ) সদস্যপদ রেজিস্ট্রেশনের জন্য সাধারণ ও সহযোগী সদস্যদের এন্ট্রি বা রেজিস্ট্রেশন ফি ১০০০/- টাকা।**

**ক) সাধারণ ও সহযোগী সদস্যদের ৫- বছর মেয়াদি চাঁদার পরিমান হবে ২০০০/-টাকা।**

**গ) জীবন সদস্য চাঁদা ৪,০০০/- টাকা।**

**ঘ) নির্বাহী পরিষদের প্রস্তাব এবং সাধারণ সভার অনুমোদনক্রমে সাধারণ ও জীবন সদস্যদের চাঁদার হার পুনঃনির্ধারিত করা যাবে।**

৯. উপদেষ্টা পরিষদঃ

**ক) বিভাগের অবসরপ্রাপ্ত শিক্ষকবৃন্দর নিয়ে একটি উপদেষ্টা পরিষদ গঠন করা হবে।**

**খ) প্রয়োজন বোধে নির্বাহী পরিষদের সভায় উপদেষ্টামণ্ডলীকে আমন্ত্রণ করা যাবে।**

**গ) উপদেষ্টা পরিষদ নির্বাহী পরিষদকে নির্দেশনা/পরামর্শ প্রদান করবেন।**

**ঘ) নির্বাহী পরিষদের কার্যাবলি পর্যালোচনা করবেন।**

১০. গঠনতন্ত্র সংশোধনঃ

**গঠনতন্ত্রে উল্লেখ করা হয়নি তবে সদস্যদের বৃহত্তর স্বার্থে গঠনতন্ত্র পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন বা সংযোজন করতে হলে নির্বাহী পরিষদ ও উপদেষ্টামণ্ডলী র প্রস্তাবক্রমে সাধারণ পরিষদের সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনুমোদনের ভিত্তিতে সংশোধন করা যাবে।**

১১. সদস্যপদ বাতিলঃ

**বকেয়া চাঁদা পরিশোধ, পদত্যাগ, মৃত্যু, রাষ্ট্রবিরোধী কার্যকলাপ, এসোসিয়েশনের ভাবমূর্তি বিনষ্ট বা স্বার্থহানি, গুরুতর অসদাচারণ ইত্যাদি কারণে সদস্যপদ বাতিল হবে।**

**১২. সম্পাদকীয় পদের মেয়াদকালঃ**

কোনো সদস্য, যেকোনো ক্ষেত্রে, একই সম্পাদকীয় পদে, সভাপতি/কোষাধ্যক্ষ ব্যাতিত, পরপর দুই মেয়াদের বেশি দায়িত্ব পালন করতে পারবেন না।